গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

**নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪২৩.২২.০০০৫.২৫.৯৮

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ / ১৪ জুলাই ২০২৬

**পরিপত্র**

**বিষয়: Rules of Business, 1996 এবং এর অধীন Schedule-I Allocation of Business (কার্যতালিকা) সংশোধনে নির্দেশনা।**

Rules of Business, 1996-এর Rule 3 অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী মন্ত্রণালয়/বিভাগ গঠন/পুনর্গঠন, নাম পরিবর্তন এবং কার্যতালিকা নির্ধারণ করতে পারেন। এছাড়া, মন্ত্রণালয়/বিভাগের কাজের ব্যাপকতা ও গুরুত্ব বিবেচনায় জনস্বার্থে বিভিন্ন সময়ে মন্ত্রণালয়/বিভাগ গঠন/পুনর্গঠন, নাম পরিবর্তন ও কার্যতালিকায় (Allocation of Business) প্রয়োজনীয় সংশোধন/পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। এ সকল বিষয়ে সরকারের উচ্চপর্যায়ের সিদ্ধান্ত/অনুশাসন পাওয়ার পর অনুসরণীয় কার্যপদ্ধতি উল্লেখপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে অনুরোধ জানানো হয়। কোনো কোনো ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ শেষে চূড়ান্ত প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিধি-বিধান, রীতি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণে ক্ষেত্রবিশেষে পদ্ধতিগত ত্রুটি ও ভিন্নতা পরিলক্ষিত হয়। এতে কার্যক্রম গ্রহণে অস্পষ্টতা তৈরি হয় এবং কার্য-সম্পাদন বিলম্বিত হয়।

২। এ পরিপ্রেক্ষিতে, মন্ত্রণালয়/বিভাগ গঠন/পুনর্গঠন অথবা নাম পরিবর্তন ও কার্যতালিকা সংশোধনের নিমিত্ত Rules of Business, 1996 এবং এর অধীন Schedule-I Allocation of Business (কার্যতালিকা) সংশোধনে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ/সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্তপূর্বক পূর্ণাঙ্গ প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে:

**(১) মন্ত্রণালয়/বিভাগ গঠন/পুনর্গঠন অথবা নাম পরিবর্তন:**

(ক) Rules of Business, 1996-এর Rule 10 অনুসরণে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ;

(খ) Rules of Business, 1996-এর Rule 11 অনুসরণে মন্ত্রিপরিষদ বিভাগের বিধি শাখার পরামর্শ গ্রহণ;

(গ) প্রশাসনিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর সম্মতি গ্রহণ;

(ঘ) প্রাক নিকার সচিব কমিটির সুপারিশ গ্রহণ;

(ঙ) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সুনির্দিষ্ট প্রস্তাবে ইংরেজি নাম উল্লেখপূর্বক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর অনুমোদন গ্রহণ; এবং

(চ) প্রাক নিকার সচিব কমিটি এবং নিকার-এর সুপারিশ সংবলিত কার্যবিবরণী প্রেরণ।

**(২) Allocation of Business (কার্যতালিকা) সংশোধন:**

(ক) Rules of Business, 1996-এর Rule 10 অনুসরণে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ;

(খ) Rules of Business, 1996-এর Rule 11 অনুসরণে মন্ত্রিপরিষদ বিভাগের বিধি শাখার পরামর্শ গ্রহণ;

(গ) প্রশাসনিক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর সম্মতি গ্রহণ;

(ঘ) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সুনির্দিষ্ট প্রস্তাবে (ইংরেজিতে) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র সুপারিশ গ্রহণ;

(ঙ) বিদ্যমান ও প্রস্তাবিত Allocation of Business (কার্যতালিকা)-এর তুলনামূলক বিবরণী প্রেরণ; এবং

(চ) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি'র সুপারিশ সংবলিত কার্যবিবরণী প্রেরণ।

৩। অনুচ্ছেদ ২-এর ক্রম ১ অথবা ২ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণপূর্বক খসড়া প্রজ্ঞাপনসহ সুনির্দিষ্ট ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব (৩ সেট) মন্ত্রিপরিষদ বিভাগের বিধি শাখায় প্রেরণ করতে হবে।

৪। এ বিভাগের ২ আগস্ট ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৭.১৭.১০৭ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র এতদ্দ্বারা প্রতিস্থাপিত হলো।

১৪-০৭-২০২৬
শারমিন ইয়াসমিন
উপসচিব
ফোন : ০২২২৬৬৪১০১৭

**বিতরণ :**

১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।